DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 20 Nov 2026, 05:46 PM

সারাদেশ

ভারতের ত্রিপুরার বৃষ্টির প্রভাবে আখাউড়ায় কৃষিজমি প্লাবিত

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি প্রতিনিধি

ভারতের ত্রিপুরার রাজ্যে গত কয়েকদিন ধরে হওয়া টানা বৃষ্টির প্রভাব পড়েছে ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া উপজেলায়। সেখান থেকে নেমে আসা ঢলে রবিবার (২৩ আগস্ট) বিকেল থেকে জেলার সীমান্তবর্তী আখাউড়া উপজেলার বিভিন্ন এলাকার কৃষিজমি প্লাবিত হতে থাকে।

সোমবার (২৪ আগস্ট) দুপুর থেকে বেশ কিছু এলাকার পানি নামতে শুরু করলেও হওড়া নদীর পানি এখনও বিপৎসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।

স্থানীয় সূত্রে জানা যায়, ভারত থেকে আসা পাহাড়ি ঢলে আখাউড়া উপজেলার সীমান্তবর্তী বিভিন্ন এলাকার অন্তত ২৫০ হেক্টর কৃষিজমি পানির নিচে চলে যায়। রবিবার বিকেল থেকে পানি বাড়তে থাকে। এরপর সোমবার সকাল থেকে হাওড়া নদীর আশপাশের এলাকার পানি কমতে শুরু করে। তবে কালন্দী খাল সংলগ্ন এলাকায় পানি দুপুর নাগাদ আগের মতোই রয়ে যায়।

আখাউড়া উপজেলা কৃষি কর্মকর্তা মো. মাসুদ রানা জানান, হঠাৎ পানি বাড়ায় আখাউড়া দক্ষিণ ইউনিয়ন ও মোগড়া ইউনিয়নের কিছু জমি পানিতে তলিয়ে যায়। তিনি বলেন, পানি বাড়লেও তা খুব দ্রুত নেমে যাবে বলে আশা করা হচ্ছে। এতে ফসলের ক্ষতি হবে না।

আখাউড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) তাপসী রাবেয়া বলেন, হাওড়া নদীর আশপাশের এলাকার পানি নেমে যাচ্ছে। তবে কালন্দী খাল এলাকার জমির পানি আগের মতোই রয়ে গেছে। বাড়িঘরে এখনো পানি উঠেনি। আশ্রয়কেন্দ্র খোলার মতো অবস্থা এখনও হয়নি। এ বিষয়ে সার্বক্ষণিক নজরদারি রয়েছে।

এদিকে, ভারতের ত্রিপুরার স্থানীয় গণমাধ্যম সূত্রে জানা গেছে, অতিরিক্ত বৃষ্টির কারণে রাজ্যের বিভিন্ন স্থানে বন্যা পরিস্থিতি সৃষ্টি হয়েছে। এরই মধ্যে রাজ্যের ১৭টি আশ্রয় শিবিরে চার শতাধিক পরিবারের সদস্যরা আশ্রয় নিয়েছে। বৃষ্টি অব্যাহত থাকলে বন্যা পরিস্থিতির আরো অবনতি হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

এ বিভাগের আরও খবর



কসবায় ট্রাকের চাপায় মোটরসাইকেল আরোহী নিহত, আহত ১
ব্রাহ্মণবাড়িয়ার কসবায় ট্রাকের চাপায় মো. আলমগীর (৪৫) নামের এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় তাঁর সঙ্গে থাকা আরেক আরোহী মো. সাহাদাৎ গু...



ঝালকাঠিতে দুই বাসের মুখোমুখি সংঘর্ষে হেলপার নিহত, আহত ২০
বরিশাল-কুয়াকাটা মহাসড়কের ঝালকাঠির নলছিটি উপজেলার দপদপিয়া এলাকায় দুটি বাসের মুখোমুখি সংঘর্ষে এক বাসের হেলপার নিহত হয়েছেন। এ ঘটনায় দুই বাসের অ...



নিখোঁজের ৪৮ ঘণ্টা পর কুয়াকাটা সৈকতে মিলল বিচারক ফারহান নাদীমের সন্ধান

নিখোঁজের প্রায় ৪৮ ঘণ্টা পর পটুয়াখালীর কুয়াকাটা সমুদ্রসৈকত থেকে বরিশাল জেলা ও দায়রা জজ আদালতের সিনিয়র সহকারী জজ শেখ ফারহান নাদীমকে উদ্ধার করে...



বিশ্বম্ভরপুরে ১ লাখ ২৫ হাজার ভারতীয় বিড়ি উদ্ধার, গ্রেপ্তার ৫

সুনামগঞ্জের বিশ্বম্ভরপুরে পৃথক দুটি অভিযান চালিয়ে ১ লাখ ২৫ হাজার ৯৫০টি ভারতীয় বিড়ি ও চারটি মোটরসাইকেল জব্দ করেছে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/bharter-tripurar-brishtir-prbhabe-akhauray-krishijmi-plabit